# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভার কার্যবিবরণী

সভাপতি: ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।
সভার তারিখ ও সময়: ১০ এপ্রিল, ২০২৫, সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান: ১নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সম্মানিত কৃষক প্রতিনিধি মরহুম জনাব ফজলুল হক সরকার (হান্নান) এর আত্মার মাগফেরাত কামনা করে আলোচ্য বিষয় অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য জনাব মো: জয়নাল আবেদীন, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিকে অনুরোধ জানান। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর এবং সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১২তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১২তম সভা ১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রি:, সকাল ১০.০০ ঘটিকায় ড. নাজমুন নাহার করিম, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এবং সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভাপতিত্বে বিএআরসি'র ২নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী কারিগরি কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। সভার কার্যবিবরণী সংশোধনের বিষয়ে জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১২তম সভার কার্যবিবরণীর ৮ নং পৃষ্ঠায় "সভায়" শব্দটি যুক্ত হবে এবং আর কোনো মতামত না পাওয়ায় ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী অনুমোদনের সিদ্ধান্ত নেয়া যেতে পারে ।

**সিদ্ধান্তঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১২তম সভার কার্যবিবরণী সংশোধন সাপেক্ষে অনুমোদন করা হলো।**

**আলোচ্য বিষয় ২: ২০২৪-২৫ আমন মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ ।**

২০২৪-২৫ আমন মৌসুমের ১১টি বীজ কোম্পানি হতে হাইব্রিড ধানের জাত নিবন্ধনের জন্য ২০ (বিশ)টি হাইব্রিড ধানের জাতের বীজের নমুনা পাওয়া যায়। নিম্নে প্রাপ্ত জাতসমূহের তথ্যাবলি উল্লেখ করা হলোঃ

**আমন মৌসুমের ১ম বর্ষ (২০২৪-২৫): মোট ১১টি**

| Sl. No. | Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1. | Brac Seed and Agro Enterprise | BRAC Hybrid dhan24 (BRAC Prince) (BG 043A/BG 301R) | Bangladesh | 2024-25 (1st Year) |
| 2. | Brac Seed and Agro Enterprise | BRAC Hybrid dhan25 (BRAC Gold) (BG 020A/BG 451R) | Bangladesh | 2024-25 (1st Year) |
| 3. | VNR Seeds Bangladesh Private Limited | VNR Hybrid dhan7 (VNR-19796) (VNRF-323/VNRRDNR-234) | India | 2024-25 (1st Year) |
| 4. | VNR Seeds Bangladesh Private Limited | VNR Hybrid dhan8 (VNR-17444) (VNRF-96/VNRRDNR-10221) | India | 2024-25 (1st Year) |
| 5. | Supreme Seed Company Limited | Supreme Hybrid dhan20 (হীরা ২০, KPHB497) | India | 2024-25 (1st Year) |

| Sl. No. | Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 6. | Supreme Seed Company Limited | Supreme Hybrid dhan22 (হীরা ২২, TJ 2302) (JIA02A / JIAR11) | China | 2024-25 (1st Year) |
| 7. | Eon Agro Industries Limited | Eon Hybrid dhan2 (আপন ধান২) PAC8202367 (148202368A/168202368R) | India | 2024-25 (1st Year) |
| 8. | Square Pharmaceuticals Plc | Square Hybrid dhan2 (PAC 8202367) 148202367A/168202367R | India | 2024-25 (1st Year) |
| 9. | RiceCo International Bangladesh Ltd. | RiceCo Hybrid dhan1 (ADV8200) (PAC 8202401) (148202401A/168202401R) | India | 2024-25 (1st Year) |
| 10. | RiceCo International Bangladesh Ltd. | RiceCo Hybrid dhan2 (ADV8283) (PAC 8202402) (148202402A/168202402R) | India | 2024-25 (1st Year) |
| 11. | Syngenta Bangladesh Limited | Syngenta Hybrid dhan14 (S1217) (RNC0752) (10383A/ND168726) | India | 2024-25 (1st Year) |

**আমন মৌসুমের ২য় বর্ষ (২০২৩-২৪ ও ২০২৪-২৫): মোট ০৯টি**

| Sl. No | Institute/Company | Variety Name & Parentage | Source Country | Year |
|---|---|---|---|---|
| 1 | Mahyco Bangladesh Private Limited | Mahyco Hybrid dhan10 MIP-6001 (RP 01A/RPV 204) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 2 | VNR Seeds Bangladesh Private Limited | VNR Hybrid dhan3 (VNR-18560) (VNRF-48/VNRRDNR-5770) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 3 | VNR Seeds Bangladesh Private Limited | VNR Hybrid dhan4 (VNR-18565) (VNRF-51/VNRRDNR-6283) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 4. | 3s Agro Services Limited | 3s Agro Hybrid dhan5 (SAVA 2203) (EC899139/EC935955 R) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 5. | Mitali Agro Seed Industries | Mitali Agro Hybrid dhan7 (সুবর্ণ-৭, SHD-2191) ( SH-95 / SH-809R ) | Bangladesh | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 6. | ACI Formulations Limited | ACI Formulation Hybrid dhan6 (NASH-TA127) (ASRBCH174/ASRBCH25R) | Bangladesh | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 7. | ACI Limited | ACI Hybrid dhan18 (BGH 35) (ASRBCH23A/ASRBCH89R) | Bangladesh | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 8. | Syngenta Bangladesh Limited | Syngenta Hybrid dhan12 (S1212) (RNE0456) (10112A/XaR593) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |
| 9. | Syngenta Bangladesh Limited | Syngenta Hybrid dhan13 (S1213) (RNC0765) (10383A/XaR593) | India | 2023-24 (1st year) 2024-25 (2nd Year) |

উক্ত ২০টি হাইব্রিড জাতের সাথে ১টি চেক জাতসহ মোট ২১টি জাত ১টি সেটে (**সেট A** কোড নং **H- 1727 হতে H-1747**) ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও জেলা বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরীপূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়নের কোড ভিত্তিক দুই বছরের ফলাফল Computerized Mean Performance এর ভিত্তিতে Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতের কোড উন্মুক্ত করা হয়। এ ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ২ বছরের গড় হেটারোসিস অনস্টেশন ও অনফার্ম এ পৃথকভাবে ইনব্রেড চেক জাতের চেয়ে ২০% বেশি হতে হবে। ১ম এবং ২য় বর্ষে হাইব্রিড জাতের জন্য চেক জাত হিসেবে ব্রি ধান৮৭ ব্যবহার করা হয়েছে।

দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ০৯টি আমন হাইব্রিড জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, **১**টি জাত ৪টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত হিসেবে ব্যবহৃত ব্রি ধান৮৭ হতে সর্বনিম্ন মাত্রা **২০%** এর চেয়ে বেশি হেটারোসিস হয়েছে এবং ২টি জাত ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে চেকজাত হিসেবে ব্যবহৃত ব্রি ধান৮৭ হতে সর্বনিম্ন মাত্রা **২০%** এর বেশি হেটারোসিস পাওয়া গিয়েছে।

***এখানে উল্লেখ্য যে, হাইব্রিড ধানের জাত মূল্যায়ন এবং নিবন্ধন নির্দেশিকা অনুসারে, হাইব্রিড ধানের জাত মূল্যায়নে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রেড জাতকে চেক জাত হিসাবে ব্যবহার করিতে হইবে এবং নিবন্ধন চাহিত জাতের ফলন চেক জাতের চেয়ে ২০% বেশী Standard Heterosis হইলে হাইব্রিড জাত হিসাবে নিবন্ধন করার সুপারিশ করিতে হইবে।***

## ২০২৪-২৫ আমন মৌসুমের হাইব্রিড ধানের তথ্যাদি

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৮৭ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের | | | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | ভিএনআর হাইব্রিড ধান৩ (ভিএনআর-১৮৫৬০) ভারত | ভিএনআর সীডস বাংলাদেশ প্রা. লিমিটেড | **ফলন: ৭.৩২** **জীবনকাল: ১১৭** | **ফলনঃ ৫.৫৫** **জীবনকাল:** ১২৮ | **চাল মোটা** | চট্টগ্রাম | ৩৫.১৮ | ৩২.৬৯ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৩৩.৪৯ | ৩০.৭৯ | |
| | | | | | | রংপুর | ৪৬.৭২ | ২১.৪৬ | |
| ২ | ভিএনআর হাইব্রিড ধান৪ (ভিএনআর - ১৮৫৬৫) ভারত | ভিএনআর সীডস বাংলাদেশ প্রা. লিমিটেড | **ফলন:** ৭.৩৫ **জীবনকালঃ** ১২৫ | **ফলনঃ ৫.৫৫** **জীবনকাল:** ১২৮ | **চাল চিকন** | চট্টগ্রাম | ৩৫.২৩ | ৩২.২৬ | সারাদেশ |
| | | | | | | খুলনা | ৩৪.২৬ | ৩০.৪৬ | |
| | | | | | | রংপুর | ৪৩.৯৯ | ২৭.০১ | |
| | | | | | | দিনাজপুর | ২৬.৩৪ | ২২.০৪ | |
| ৩ | মিতালী এগ্রো হাইব্রিড ধান৭ (সুবর্ণ-৭, SHD-2191) বাংলাদেশ | মিতালী এগ্রো সীড ইন্ডাস্ট্রিজ | **ফলনঃ ৭.৪৩** **জীবনকালঃ** ১২৮ | **ফলনঃ ৫.৫৫** **জীবনকাল:** ১২৮ | **চাল চিকন** | চট্টগ্রাম | ৩৪.০২ | ৩৪.০১ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৩৪.৪০ | ৩৩.৩৩ | |
| | | | | | | রংপুর | ৩৬.৪২ | ৪০.১০ | |

**সিদ্ধান্ত: ২০২৩-২৪ ও ২০২৪-২৫ আমন মৌসুমে ট্রায়ালকৃত আমন ধানের ৯টি জাতের মধ্যে ৩টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেক জাত (ব্রি ধান৮৭ ) এর চেয়ে ৪টি স্থানে অনস্টেশন ও অনফার্মে ২০% হেটারোসিস বেশী হওয়ায় ১টি জাত (১) ভিএনআর হাইব্রিড ধান৪ (ভিএনআর -18565) (চট্টগ্রাম, খুলনা, রংপুর ও দিনাজপুর) সারাদেশে এবং ৩টি স্থানে অনস্টেশন ও অনফার্মে হেটারোসিস ২০% এর বেশী হওয়ায় ২টি জাত (১) ভিএনআর হাইব্রিড ধান৩ (ভিএনআর-18560) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর) এবং (২) মিতালী এগ্রো হাইব্রিড ধান৭ (সুবর্ণ-৭, SHD-2191) (চট্টগ্রাম, খুলনা ও রংপুর) অঞ্চলভিত্তিক চাষাবাদের নিমিত্তে সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৩: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত ১টি ব্লাস্ট রোগ প্রতিরোধী ইনব্রেড আমন ধানের ফলাফল পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**BN-P-318 (বিনা ধান২৭):** আমন মৌসুমে চাষাবাদ উপযোগী উচ্চ ফলনশীল ব্লাস্ট রোগ প্রতিরোধী ধানের জাত প্রস্তাবিত বিনা ধান২৭ এর কৌলিক সারি নং- BN-P-318 । কৌলিক সারিটি ইরি-বিনার সহযোগিতায় ইরি, ফিলিপাইন হতে সংগ্রহ করা হয় । উক্ত কৌলিক সারিটি বিনা'র গবেষণা মাঠে পরীক্ষা নিরীক্ষা শেষে বিনা'র উপকেন্দ্র সমূহের মাঠে ও কৃষকের মাঠে এবং পরবর্তীতে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়। পরীক্ষায় কৌলিক সারিটি চেক জাত ব্রিধান৮৭ হতে উচ্চ ফলনশীল ও ব্লাস্ট রোগ প্রতিরোধী হিসেবে পাওয়া যায়।

এটি একটি উচ্চ ফলনশীল, আলোক অসংবেদনশীল ও ব্লাস্ট রোগ প্রতিরোধী আমন ধানের জাত। ডিগপাতা খাড়া, ধান পরিপক্ক হওয়ার পরও গাছ গাঢ় সবুজ থাকে। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ৯৫-১০০ সে.মি.। প্রতি গাছে ১০-১২টি কুশি থাকে, ছড়ার দৈর্ঘ্য গড়ে ২৩.৫০সেমি, প্রতি শীষে ১৫০-১৬০টি পুষ্ট দানা থাকে। এ জাতের জীবনকাল ১২০-১২৫ দিন। ধানের রং খড়ের রং এর মতো। ধানের দানা লম্বা চিকন (এলবি অনুপাত ৩.১১); ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২২.৫০ গ্রাম । চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৫.৭০ ভাগ এবং প্রোটিনের পরিমাণ ১০ মি. গ্রাম/কেজি । রান্নার পরে ভাত ঝরঝরে হয় ও খেতে সুস্বাদু। উপযুক্ত পরিচর্যায় আমন মৌসুমে গড় ফলন হেক্টর প্রতি ৬.৩০ টন এবং সর্বোচ্চ ফলন ৭.০০ টন।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **৮। Time of heading (50% of plants with heads), ১৫। Stem length (culm length): measure from the base of the plants to the neck of the panicles, ১৯। Panicle: length, ২১। Panicle: number of effective tillers per plant, ২২। Spikelet: Pubescence of lemma & palea, ২৩। Spikelet: color of tip of lemma, ২৮। Panicle: exertion, ২৯। Time of maturity এবং ৩৪। Leaf senescence** এ ৯ টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৪৯ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

উক্ত আমন ধানের জাতটি ২০২৪-২৫ খরিফ-২ মৌসুমে ৪টি অনস্টেশন (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর ও ব্রি, রংপুর) এবং ৬টি অনফার্ম (দেবিদ্বার, কুমিল্লা; সদর, ফেনী; সদর, যশোর; সদর, দিনাজপুর; সদর, বগুড়া ও পবা, রাজশাহী) এ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ৫টি স্থানে ব্রি, গাজীপুর (১২.৭৭%); ব্রি রংপুর ( ৪২.৮৯%); সদর, যশোর (২০.৫২%); বিনা, ময়মনসিংহ (১৫.৭৪%) ও ব্রি, ফরিদপুর (১৪.৪৭%) এ চেক জাতের ফলনের চেয়ে ১০% এর বেশী ফলন পাওয়া গেছে এবং ৫টি স্থানে সদর, ফেনী (৫.৬৩%); পবা, রাজশাহী (০.৮৯%); সদর, দিনাজপুর (০.১৪%); সদর, বগুড়া (০.২৫%); দেবিদ্বার, কুমিল্লা (৪.৪৯%) চেক জাতের চেয়ে বেশী ফলন পাওয়া গেছে যা ১০% এর কম । মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.৭৪ টন/হেক্টর ও চেক জাত ব্রি ধান৮৭ এর গড় ফলন ৫.২০ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১১৭দিন ও চেক জাতের জীবনকাল ১২৯দিন। বিভিন্ন অঞ্চলে রোগ ও পোকার সংক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, রোগ ও পোকার সংক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

প্রস্তাবিত জাতটিতে ১০টি অঞ্চলে ১০টি স্থানে চেক জাত ব্রি ধান৮৭ এর চেয়ে বেশী ফলন পাওয়া গেছে যার মধ্যে ৫টি স্থানে চেক জাতের চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গেছে ।

**ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি অনুসারে বিশেষ গুণসম্পন্ন (নির্দিষ্ট রোগ-পোকামাকড় প্রতিরোধী, সুগন্ধি, জিংক সমৃদ্ধ, আয়রণ সমৃদ্ধ, প্রোটিন সমৃদ্ধ, রাইস ব্র্যান অয়েল এর পরিমাণ, Glycemic Index Value (GI), Vitamin A সমৃদ্ধ, Alkali Spreading Value ইত্যাদি) জাতের ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ফলন কমপক্ষে চেক জাতের সমান হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।**

সংশ্লিষ্ট ব্রিডার ড. সিফাত রাব্বানা খানম, এসএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিনা, ময়মনসিংহ, প্রস্তাবিত জাত সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন। তিনি বলেন, উক্ত কৌলিক সারিটি AYT, RYT, অনফার্ম ও অনস্টেশন ট্রায়ালে গড়ে ৬.৪৪ টন/হে. ফলন দিয়েছে যেখানে চেক জাত ব্রি ধান৮৭ এর ফলন ৫.১০ টন/হেক্টর। তিনি বলেন, উক্ত কৌলিক সারিটি বিনা, ময়মনসিংহ এর প্যাথোলজি বিভাগে প্যাথোজেনেসিটি পরীক্ষা করে ব্লাস্ট রোগ মধ্যম মাত্রার সহনশীলতা/ রেজিস্ট্যান্ট পাওয়া যায় এবং মলিকুলার স্ক্রিনিং পরীক্ষা করে Pish ও Pi-9 gene confirm করা হয়েছে। ইরির গ্রেইন কোয়ালিটি ল্যাবে ফিজিকো-কেমিক্যাল প্রপারটিস পরীক্ষা করে অ্যামাইলোজ ২৫.৭%, মিলিং আউটটার্ন ৭২%, ১০ মি.গ্রাম/কেজি প্রোটিন, লম্বা চিকন চাল এবং ভাত ঝরঝরে, সুস্বাদু পাওয়া যায়। তিনি আরও বলেন, কৌলিক সারিটি চেক জাত ব্রি ধান৮৭ থেকে ১০-১২ দিন আগাম।

জনাব মো: রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং বলেন, ব্লাস্ট রোগ আবহাওয়ার সাথে সম্পর্কিত। দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য ১৫-২০° সে., আর্দ্র অবস্থা ও গুড়ি গুড়ি বৃষ্টিতে ব্যাপকভাবে ব্লাস্ট রোগের প্রাদুর্ভাব ঘটে। তাই প্রস্তাবিত জাতটি ব্লাস্ট রোগ প্রতিরোধী না বলে সহনশীল বলা উচিত।

ড. মো. মনিরুল ইসলাম, উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি বলেন, ব্রি ধান৮৭ আমন মৌসুমের একটি মেগা জাত। মূল্যায়ন ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায় ব্রি, রংপুরে চেক জাতের ফলন লজিং এর কারণে কমে গিয়েছে । যদি লজিং না হতো তাহলে প্রস্তাবিত জাত এবং চেক জাতের ফলন প্রায় সমান হতো । সেক্ষেত্রে লজিং এর কারণে উক্ত স্টেশনটির ফলাফল উপেক্ষা করা যায় কিনা সেটি বিবেচনা করা উচিত।

ড. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি, বলেন, প্রস্তাবিত জাতের সাথে যে চেক জাত নেয়া হয়েছে সেটি ঠিক হয়নি ও ব্রি, গাজীপুর এর গ্রেইন কোয়ালিটি এন্ড নিউট্রিশন ল্যাব থেকে গ্রেইন এর ডাটা টেস্ট করলে ভালো হতো ।

ড. মোহাম্মদ রাশেদ হোসেন, প্রফেসর, জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ বলেন, ফিল্ড কনডিশন রেপ্লিকেট করে গবেষণা করা কঠিন। উক্ত জাতে দুটি জিন আছে সেটি বিবেচনা করা উচিত।

জনাব মাহবুব রহমান, প্রতিনিধি, বিএসএ বলেন, ফিল্ডে যেহেতু ব্লাস্ট পায়নি সেহেতু মলিকুলার ডাটার ভিত্তিতে বিবেচনা করতে পারি কিনা?

জনাব মোঃ মনিরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক (অর্থকরী ফসল), ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি বলেন, এই মূহুর্তে আমন মৌসুমে ৫.০০টন ফলন সম্পন্ন জাত ছাড়করণের আগে চিন্তা করা উচিত, কারণ কৃষক পর্যায়ে রোগ-পোকা গ্রহণ যোগ্যতা পায় না, ফলনই গ্রহণ যোগ্যতা পায়, ফলনই গুরুত্বপূর্ণ।

জনাব মোহাম্মদ এনায়েত-ই-রাব্বি, অতিরিক্ত পরিচালক (পেস্ট ম্যানেজমেন্ট, সার্ভিলেন্স এন্ড ফোরকাস্টিং), উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি বলেন, চেক জাতের জীবনকাল প্রস্তাবিত জাতের জীবনকালের চেয়ে বেশি। কম জীবনকাল সম্পন্ন জাত যদি বেশি জীবনকাল সম্পন্ন জাতের সাথে ট্রায়ালে পাশ করে তবে এটি প্রস্তাবিত জাতের জন্য একটি পজেটিভ দিক। প্রস্তাবিত জাত মেগা জাত ব্রি ধান৮৭ এর সাথে ট্রায়ালে উত্তরণ করেছে। দুই-একটি ব্যতিক্রম ছাড়া ফিল্ড ট্রায়াল সব অঞ্চলে একরকম হবে না আর এসসিএ কোন রেজাল্ট মডিফাই করে না।

ড. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি, বলেন, আমন ধানের কোন জাতই ৯০ দিনে হারভেস্ট করা সম্ভব নয়, যশোর অঞ্চলে কি কারণে প্রস্তাবিত জাতের জীবনকাল কমে গেল সেটি পর্যবেক্ষণ করা প্রয়োজন। আমাদের ভালো জাতগুলোই রিলিজ করা উচিত।

জনাব মো: শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি বলেন, প্রস্তাবিত জাতটির বিশেষ বৈশিষ্ট্য ব্লাস্ট রেজিস্ট্যান্ট যার জীবন কাল ১১৭ দিন এবং ফলন ৫.৭৪ টন/হেক্টর। শুধু ফলন নয় রোগবালাইও কৃষকের বিবেচনার বিষয়। ব্লাস্ট একটি গুরুত্বপূর্ণ রোগ তাই জাতীয় স্বার্থে প্রস্তাবিত জাতটি সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি অনুসারে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত ১টি ব্লাস্ট রোগ প্রতিরোধী ইনব্রেড আমন ধানের BN-P-318 কৌলিক সারিটি বিনা ধান২৭ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৪: বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত ১টি সুগন্ধি ইনব্রেড আমন ধানের ফলাফল পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

BINA-BR-410-12 (বিনা ধান২৮): প্রস্তাবিত বিনা ধান২৮ এর কৌলিক সারি নং **BINA-BR-4-10-12**। প্রথমে ২০১৬ সালে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, উদ্ভিদ প্রজনন বিভাগে বিনা ধান১৭ এবং মালয়শিয়ার লোকাল জাত Ponsu Seribu-2 এর সাথে সংকরায়ন ঘটিয়ে তিনবার ব্যাকক্রসিং করে Marker Assisted Backcrossing অর্থাৎ MABC এর মাধ্যমে Stable হোমোজাইগাস সারি নির্বাচন করে উদ্ভাবন করা হয়। উক্ত কৌলিক সারিটি বিনা'র গবেষণা মাঠে পরীক্ষা নিরীক্ষা শেষে বিনা'র উপকেন্দ্রসমূহের মাঠে ও কৃষকের মাঠে এবং পরবর্তীতে বাংলাদেশের বিভিন্ন এলাকায় কৃষকের মাঠে পরীক্ষা নিরীক্ষা করা হয়।

বিনা ধান২৮ উচ্চ ফলনশীল, আলোক অসংবেদনশীল ও উচ্চ সুগন্ধিযুক্ত মাঝারী, খাটো ও চিকন চাল বিশিষ্ট আমন ধানের জাত। ডিগপাতা খাড়া, ধান পরিপক্ক হওয়ার পরও গাছ গাঢ় সবুজ থাকে বিধায় শীষের গোড়ার ধানও পুষ্ট হয়। পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১১০-১১২ সেমি। প্রতি গাছে ১২-১৫টি কুশি থাকে, ছড়ার দৈর্ঘ্য গড়ে ২৩.২২ সেমি, প্রতি শীষে দানার সংখ্যা ১৮০-২০০ টি পুষ্ট দানা থাকে।

ধান উজ্জল সোনালী রঙের, মাঝারী, খাটো এবং চিকন (এলবি অনুপাত ৩.০১); ১০০০টি পুষ্ট ধানের ওজন গড়ে ২২.২০ গ্রাম। চালে অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৭.৪২ ভাগ এবং ভাত ঝরঝরে। চাল উচ্চ সুগন্ধিযুক্ত মাঝারী, খাটো ও চিকন, ভাত সাদা, ঝরঝরে ও খেতে সুস্বাদু ফলে বাজার মূল্য বেশি। চালে জিংক এর পরিমাণ ২৪.৮৩ পিপিএম। উপযুক্ত পরিচর্যায় আমন মৌসুমে গড় ফলন হেক্টর প্রতি ৬.৫০ টন এবং সর্বোচ্চ ফলন ৭.০০ টন।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে **২। Leaf color, ৩। Penultimate leaf: pubescence, ৭। Flag leaf: attitude of the blade, ১৯। Panicle: length, ২০। Panicle: curvature of main axis, ২১। Panicle: number of effective tillers per plant, ২২। Spikelet: Pubescence of lemma & palea, ২৩। Spikelet: color of tip of lemma, ২৮। Panicle: exertion, ৩০। Grain: wt. of 1000 fully developed grains (at 12%), ৩১। Grain: length (without dehulling), ৩২। Spikelet: Sterile lemma length, ৩৩। Decorticated grain: length (After dehulling, before milling), ৩৪। Leaf senescence, ৩৫। Decorticated grain: shape (Length-breadth ratio), ৩৯। Decorticated grain: aroma** এ ১৬টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত ব্রি ধান৮৭ হতে স্বাতন্ত্র্য পাওয়া গেছে।

উক্ত আমন ধানের জাতটি ২০২৪-২৫ খরিফ২ মৌসুমে ৪টি অনস্টেশন (ব্রি, গাজীপুর; বিনা, ময়মনসিংহ; ব্রি, ফরিদপুর ও ব্রি রংপুর) এবং ৬টি অনফার্ম (দেবিদ্বার, কুমিল্লা; সদর, ফেনী; সদর, যশোর; সদর, দিনাজপুর; সদর, বগুড়া ও পবা, রাজশাহী) এ মোট ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ১০টি স্থানের মধ্যে ১০টি স্থানেই যথা ব্রি, গাজীপুর (৩৪.৮৪%); বিনা, ময়মনসিংহ (১৮.২৬%); ব্রি, ফরিদপুর (১২.৯২%) ও ব্রি রংপুর (১৬.৭০%), দেবিদ্বার, কুমিল্লা (৩৩.০২%); সদর, ফেনী (৩৭.৭০%); সদর, যশোর (৪৪.৯১%); সদর, দিনাজপুর (১২.১০%); সদর, বগুড়া (৪৬.১৯%) ও পবা, রাজশাহী (১৮.৮৪%) তে চেক জাতের ফলনের চেয়ে ১০% এর বেশী ফলন পাওয়া গেছে। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ৬.৩৯ টন/হেক্টর ও VCU test এ ব্যবহৃত চেক জাত ব্রিধান৮৭ এর গড় ফলন ৫.০৭ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের জীবনকাল ১৩৩দিন ও চেক জাতের জীবনকাল ১৩০দিন। বিভিন্ন অঞ্চলে রোগ ও পোকার সংক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, রোগ ও পোকার সংক্রমণ সহনীয় পর্যায়ে রয়েছে।

প্রস্তাবিত জাতটিতে ১০টি অঞ্চলে ১০টি স্থানে (৪টি অনস্টেশন এবং ৬টি অনফার্ম) VCU test এ ব্যবহৃত চেক জাত ব্রিধান৮৭ এর চেয়ে ১০% বেশী ফলন পাওয়া গিয়েছে।

**ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি অনুসারে বিশেষ গুণসম্পন্ন (নির্দিষ্ট রোগ-পোকামাকড় প্রতিরোধী, সুগন্ধি, জিংক সমৃদ্ধ, আয়রণ সমৃদ্ধ, প্রোটিন সমৃদ্ধ, রাইস ব্র্যান অয়েল এর পরিমাণ, Glycemic Index Value (GI), Vitamin A সমৃদ্ধ, Alkali Spreading Value ইত্যাদি) জাতের ক্ষেত্রে প্রস্তাবিত জাতের ফলন কমপক্ষে চেক জাতের সমান হইলে সারাদেশে ছাড়করণের যোগ্য বলিয়া বিবেচিত হইবে।**

সংশ্লিষ্ট ব্রিডার ড. মাহমুদুল হাসান, পিএসও, বিনা তার প্রস্তাবিত জাত সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, conventional & molecular approach এর মাধ্যমে কৌলিক সারিটি উদ্ভাবন করা হয়েছে। মিলিং ও কুকিং করার সময় aroma বেশি পরিলক্ষিত হয়। ব্রি, গাজীপুরে অবস্থিত IRRI এর grain quality lab থেকে পরীক্ষা করে Strongly aromatic পাওয়া গিয়েছে। Maturity stage পর্যন্ত Flag leaf green থাকে। এছাড়া উক্ত জাতের শীষে grain compactness ও Tertiary branching পরিলক্ষিত হয় এবং দানায় colour আছে ও চাল medium fine প্রকৃতির। জিংক এর পরিমান প্রায় ২৫ পিপিএম যা শিশুদের বুদ্ধিমত্তা বিকাশ এবং গর্ভবতী মায়েদের পুষ্টি সরবরাহ নিশ্চিত করে।

জনাব মোঃ শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি বলেন, প্রস্তাবিত জাতটি উচ্চ সুগন্ধি নয়, সুগন্ধি হবে। Seed rules, 2020 এর Form-10 মোতাবেক কৌলিক সারির নাম লেখার ক্ষেত্রে parentage and pedigree অবশ্যই উল্লেখ করতে হবে।

ড. মো: আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) বিএআরসি প্রস্তাবিত জাতে সুগন্ধির জন্য দায়ী ২-অ্যাসিটাইল ১- পাইরোলিন (২এপি) এর পরিমাণ কত তা জানতে চান। যদি ২এপি এর পরিমাণ বেশি থাকে তবে উচ্চ সুগন্ধি হবে।

জনাব মোঃ আবিদ হাসান, সিইও, ইয়ন এগ্রো লিমিটেড, aromatic rice হিসেবে ব্রি ধান৩৪ প্রসিদ্ধ। প্রস্তাবিত জাতের ক্ষেত্রে ব্রি ধান৩৪ কে চেক জাত হিসেবে না নিয়ে ব্রি ধান৮৭ কেন চেক জাত হিসেবে গ্রহণ করা হয়েছে। Commercial দিকটা চিন্তা করলে প্রস্তাবিত জাতের grain quality চিনিগুড়া, কালোজিরার মতো না, তাহলে কোন Segment এর ভিত্তিতে জাতটি compete করবে।

ড. মো: নাজমুল ইসলাম, প্রধান সমন্বয়কারী (গবেষণা সেল), বিএডিসি বলেন, প্রস্তাবিত জাতটিতে aroma ছাড়াও আরো অনেক বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। যদিও aromatic হলে fine rice হতে হবে তবে ফলন বেশি এবং জিংক প্রায় ২৫ পিপিএম ও Amylose% বেশি। এক্ষেত্রে ফলন এবং জিংক এর পরিমান বিবেচনা করে সুপারিশ করা যেতে পারে।

জনাব মোঃ মিজানুর রহমান, বিজনেস অপারেশন ম্যানেজার, এসিআই বলেন, প্রস্তাবিত জাতটি সুগন্ধি, ফলন ও অ্যামাইলোজ এর উপর নির্ভর করে বিবেচনা করা যেতে পারে।

জনাব মো: রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং বলেন, প্রস্তাবিত বিনা ধান২৮ জাতটি সুগন্ধি হিসেবে বিবেচনা না করলেও এতে জিংক আছে, ফলনও বেশি।

ড. মো. মনিরুল ইসলাম, উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বলেন, প্রস্তাবিত বিনা ধান২৮ জাতটি অনেক গুণে গুণান্বিত। তবে যশোরে জীবনকালের পার্থক্য কেন হলো এর সুনির্দিষ্ট ব্যাখ্যা দেয়া উচিত।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় বলেন, উক্ত জাতটি সুগন্ধি হিসেবে বিবেচনা করা যেতে পারে।

ড. মোঃ রফিকুল ইসলাম, পরিচালক (গবেষণা), ব্রি, বলেন, ব্রি ধান৩৪ ও প্রস্তাবিত জাতের ডোমেইন আলাদা। পরবর্তীতে কোন ট্রায়াল করা হলে সেটি স্পেসিফিক করলে ভালো হয়।

জনাব এফ আর মালিক, প্রতিনিধি, বিএসএ বলেন, ট্রায়াল করার আগে চেক জাত সঠিকভাবে নির্ধারণ করতে হবে। প্রস্তাবিত জাতটি সুপারিশের পক্ষে ।

**সিদ্ধান্তঃ ইনব্রেড ধানের জাত মূল্যায়ন এবং ছাড়করণ পদ্ধতি অনুসারে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক উদ্ভাবিত ১টি ইনব্রেড আমন ধানের BINA-BR-4-10-12 কৌলিক সারিটি সুগন্ধি জাত বিনা ধান২৮ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয় ৫: বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ১টি চিবিয়ে ও রস করে খাওয়ার নিমিত্তে আখের জাতের ফলাফল পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

ব্ল্যাক রুবি (বিএসআরআই আখ৪৯): প্রস্তাবিত বিএসআরআই আখ৪৯ জাতটি ২০১৮ সালে ব্ল্যাক রুবি নামে চিবিয়ে খাওয়া আখ জাত হিসেবে ঢাকার সাভার অঞ্চল হতে সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত জাতটি দুই বৎসর কোয়ারেন্টাইন পরীক্ষা শেষে অন্যান্য জাতের সাথে ৪মি. × ৪মি. স্তরে পর্যবেক্ষণ করা হয়। এরপর এটি ব্ল্যাক রুবি হিসেবে অগ্রগামী (advanced) ও পরপর তিন বৎসর আঞ্চলিক ফলন পরীক্ষায় চিবিয়ে খাওয়া আখ জাত বিএসআরআই আখ৪২ এর সাথে তুলনা করার পর ২০২৪ সালে চূড়ান্তভাবে বাছাই করা হয়।

প্রস্তাবিত বিএসআরআই আখ৪৯ জাতের কান্ড (stalk) মাঝারী লম্বা এবং আকারে মোটা। কান্ডের খোলা অংশ গাঢ় পাটল (Deep pink) এবং আবৃত অংশ গোলাপি লাল বর্ণের (Pinkish red) হয়। পর্ব মধ্য (internode) সিলিন্ড্রিকাল (Cylindrical) আকৃতির। কান্ড নরম এবং নিরেট আকৃতির । কর্কি প্যাচ (corcky patch) ও আইভরি মার্কিং (ivory marking) বিদ্যমান, স্প্লিট (Split) বা গ্রোথ ক্রাক (Growth crack) দেখা যায়। পাতা চওড়া ও গাঢ় সবুজ বর্ণের। অধিকাংশ পাতা মধ্যভাগ হতে হেলে পড়ে। পাতার খোলে সামান্য হুল দেখা যায়। ভিতরের অরিকল (inner auricle) ল্যানসিওলেট (Lanceolate) এবং বাহিরের অরিকল ডেনটয়েড (dentoid) আকৃতির। এ জাতের আখে ফুল হয় না।

উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর (২০২১-২২ এবং ২০২২-২৩) Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষা সম্পন্ন করা হয়। প্রস্তাবিত জাতটিতে ৮। Internode: Shape, ১০। Internode: Colour (exposed to sun), ১৬। Internode: Waxiness, ২০। Node: Depth of bud groove, ২১। Node: Size of bud, ২৩। Node: Pubescence on the bud, ২৪। Node: Bud cushion, ২৬। Node: Root primordial arrangement, ৩০। Leaf sheath: Shape of inner auricle, ৩১। Leaf sheath: Shape of outer auricle, ৩২। Leaf sheath: Colour of dewlap এবং ৩৩। Leaf blade: Curvature এ ১২টি বৈশিষ্ট্যে ডিইউএস (DUS) পরীক্ষায় ব্যবহৃত চেক জাত বিএসআরআই আখ৪২ হতে স্বাতন্ত্র পাওয়া গেছে।

উক্ত আখের জাতটি ২০২৪-২৫ রবি মৌসুমে ১টি অনস্টেশন (আঞ্চলিক ইক্ষু গবেষণা কেন্দ্র, গাজীপুর ) এবং ৫টি অনফার্ম (চৌদ্দগ্রাম, কুমিল্লা; লিমুঝিরিপাড়া, বান্দরবান; কেশবপুর, যশোর; রাণীহাট, চাঁপাইনবাবগঞ্জ; ফুলবাড়ি, কুড়িগ্রাম) সহ মোট ৬ টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই যথা আঞ্চলিক ইক্ষু গবেষণা কেন্দ্র, গাজীপুর (১০.৩৩%), চৌদ্দগ্রাম, কুমিল্লা (৫.৮৭%); লিমুঝিরিপাড়া, বান্দরবান (৭.৬৬%); কেশবপুর, যশোর (৯.৪%); রাণীহাট, চাপাইনবাবগঞ্জ (৫.৪৫%) এবং ফুলবাড়ি, কুড়িগ্রাম (১১.৪৬%) এ প্রস্তাবিত জাতটিতে চেক জাতের চেয়ে ৫% এর বেশী ফলন পাওয়া গিয়েছে। প্রস্তাবিত জাতটি আকর্ষনীয়, খুবই নরম, রসালো, সুস্বাদু এবং আঁশ খুবই কম ও চিবিয়ে খাওয়ার ক্ষেত্রে খুবই সুবিধাজনক। প্রত্যেকটি স্থানের মাঠ মূল্যায়ন দল প্রস্তাবিত বিএসআরআই আখ৪৯ জাতটি ছাড়করণের সুপারিশ করেন। মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ১৫৬.৩৫ টন/হেক্টর ও VCU test এ ব্যবহৃত চেক জাত বিএসআরআই আখ৪২ এর গড় ফলন ১৪৪.৩৯ টন/হেক্টর। প্রস্তাবিত জাতের গড় জীবনকাল ৩০৬ দিন। বিভিন্ন অঞ্চলে রোগ ও পোকার সংক্রমণ পর্যালোচনা করে দেখা যায় যে, রোগ ও পোকার সংক্রমণ সহনীয় পর্যায়ে ছিল।

প্রস্তাবিত জাতটিতে ৫টি অঞ্চলে ৬টি স্থানে (১টি অনস্টেশন এবং ৫টি অনফার্ম) VCU test এ ব্যবহৃত চেক জাত বিএসআরআই আখ৪২ এর চেয়ে ৫% বেশী ফলন পাওয়া গিয়েছে (পরিশিষ্ট "ঙ" দ্রষ্টব্য)।

**ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ এর ২য় অংশ ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ নির্দেশিকা অনুসারে *চিবিয়ে ও রস করে খাওয়ার নিমিত্তে ইক্ষু জাত অবমুক্তির লক্ষ্যে প্রস্তাবিত জাতটি ন্যূনতম ২টি অঞ্চলের কমপক্ষে ৪টি লোকেশনের প্রতিটি র‍্যান্ডোমাইজ ব্লক ডিজাইনে ৩টি রেপ্লিকেশনের মাধ্যমে অনস্টেশন পরীক্ষা ও কৃষকের জমিতে অনফার্ম পরীক্ষা করতে হবে। চিবিয়ে ও রস করে খাওয়ার নিমিত্তে ছাড়কৃত জাতের ক্ষেত্রে প্রস্তাবিত জাতটি চেক জাতের চেয়ে ৪টি লোকেশনের ২টিতে ন্যূনতম ৫% বেশি ফলন অথবা একই ফলন কিন্তু বিশেষ গুণাগুণ সম্পন্ন যেমন-মিষ্টতার পরিমাণ বেশি, চিবিয়ে খাওয়া কিংবা রসের গুণাগুণ ভাল ইত্যাদি গুণ সম্পন্ন হলে স্পেসিফিক অঞ্চলে ছাড়করণের জন্য বিবেচিত হবে।***

সংশ্লিষ্ট ব্রিডার ড. মো. আনিসুর রহমান, সিএসও, বিএসআরআই প্রস্তাবিত জাত সম্পর্কে বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। প্রস্তাবিত জাতে ফাইবার ও গ্লাইসেমিক ইনডেক্স কম ও ডায়াবেটিস রোগীর জন্য ভালো। এছাড়াও বিভিন্ন ধরনের মিনারেল আছে।

জনাব মো: শাহজাহান আলী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি বলেন, প্রস্তাবিত জাতে সুক্রোজ, ফাইবার ও পোল পারসেন্ট কত জানতে চান। ডায়াবেটিস রোগীর জন্য ভালো কিনা সেটি টেস্ট করে বলা উচিত।

ড. নাসরিন আক্তার আইভি, প্রফেসর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় বলেন, প্রস্তাবিত জাতের কালার খুবই আকর্ষণীয় এবং এর ইন্টারনোডের দৈঘ্য কম কিনা জানতে চান।

প্রশ্নের উত্তরে ব্রিডার বলেন, প্রস্তাবিত জাতের ইন্টারনোডের দৈর্ঘ্য কম কিন্তু নোডগুলো নরম।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় বলেন, উক্ত জাতটি ছাড়করণের জন্য সুপারিশ করা যেতে পারে।

**সিদ্ধান্তঃ ইক্ষুর জাত উন্নয়ন, মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি, ২০২২ এর ২য় অংশ ইক্ষুর জাত মূল্যায়ন ও ছাড়করণ নির্দেশিকা অনুসারে, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ১টি চিবিয়ে ও রস করে খাওয়ার উপযোগী ইক্ষুর ব্ল্যাক রুবি ক্লোনটি বিএসআরআই আখ৪৯ হিসেবে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ড বরাবর সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয়** ৬: **বিবিধ (কৃষক প্রতিনিধি নির্বাচন)**

সদস্য সচিব সভাকে জানান যে, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সম্মানিত কৃষক প্রতিনিধি জনাব ফজলুল হক সরকার (হান্নান) গত ০৬-০৪-২০২৫ তারিখে মৃত্যুবরণ করেন। কাজেই আমাদের একজন কৃষক প্রতিনিধি মনোনয়ন দেয়া প্রয়োজন।

ড. মো: আকতার হোসেন খান, প্রধান বীজতত্ত্ববিদ, বীজ অধিশাখা, কৃষি মন্ত্রণালয় বলেন, বিগত বছরগুলোতে ডিএই এর সরেজমিন উইং থেকে কৃষক প্রতিনিধির তালিকা প্রেরণ করা হয়েছিল। এ বছরেও ডিএই এর সরেজমিন উইং থেকে কমপক্ষে ৩ জন কৃষক প্রতিনিধির তালিকা প্রেরণ করা যেতে পারে।

ড. মো. মনিরুল ইসলাম, উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি বলেন, কৃষক প্রতিনিধি নির্বাচন করার ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট গাইডলাইন থাকা দরকার।

**সিদ্ধান্তঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সরেজমিন উইং থেকে শিক্ষিত, মাঠের সাথে সংশ্লিষ্ট ৪-৫ জন কৃষক প্রতিনিধির তালিকা প্রেরণ করবেন।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. নাজমুন নাহার করিম
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
এবং
সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি

## Final Result of Aman Hybrid 2023-24 & 2024-25

| Sl no. | Code no. | | Name of Hybrid line | Institue /Company name | Dhaka | Chattogram | Khulna | Rajshahi | Rangpur | Barishal/ Dinajpur | Recommended region for registration |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | H-1665 | H-1743 | VNR Hybrid dhan3 | VNR Seeds Bangladesh pvt. Ltd. | X | ✓ | ✓ | X | ✓ | X | Chattogram, Khulna and Rangpur |
| 2 | H-1671 | H-1727 | VNR Hybrid dhan4 | VNR Seeds Bangladesh pvt. Ltd. | X | ✓ | ✓ | X | ✓ | ✓ | All over country |
| 3 | H-1659 | H-1738 | Mahyco Hybrid dhan10 (MIP-6001) | Mahyco Bangladesh pvt. Ltd. | X | ✓ | ✓ | X | X | X | Not recommended |
| 4 | H-1661 | H-1741 | 3S Agro Hybrid dhan5 | 3S Agro Services Ltd. | X | ✓ | X | ✓ | X | X | Not recommended |
| 5 | H-1663 | H-1733 | Mitali agro Hybrid dhan7 | Mitali Agro Seed Industries | X | ✓ | ✓ | X | ✓ | X | Chattogram, Khulna and Rangpur |
| 6 | H-1660 | H-1747 | ACI formulation Hybrid dhan6 | ACI formulation Ltd | X | ✓ | ✓ | X | X | X | Not recommended |
| 7 | H-1666 | H-1729 | ACI Hybrid dhan18 | ACI Ltd. | X | ✓ | X | X | ✓ | X | Not recommended |
| 8 | H-1668 | H-1740 | Syngenta Hybrid dhan12 (S1212) | Syngenta Bangladesh Ltd. | X | X | X | X | ✓ | ✓ | Not recommended |
| 9 | H-1662 | H-1737 | Syngenta Hybrid dhan13 (S1213) | Syngenta Bangladesh Ltd. | X | X | X | X | X | X | Not recommended |

১৬/08/2025

পতাকা ক (আমন হাইব্রিড ২০২৪-২৫)

| ক্র. নং | নিবন্ধনের জন্য প্রস্তাবিত নাম এবং জাতটির উৎস | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত জাতের গড় ফলন (মে.টন/হে) ও জীবনকাল (দিন) | চেকজাত ব্রি ধান৮৭ এর ফলন ও জীবনকাল | বিশেষ বৈশিষ্ট্য | ট্রায়ালে পাশকৃত অঞ্চলের নাম | অনস্টেশন হেটারোসিস % | অনফার্ম হেটারোসিস % | নিবন্ধনের জন্য সুপারিশকৃত অঞ্চল |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ভিএনআর হাইব্রিড ধান৩ (ভিএনআর-১৮৫৬০) ভারত | ভিএনআর সীডস বাংলাদেশ প্রা. লিমিটেড | ফলন: ৭.৩২ জীবনকাল: ১১৭ | ফলনঃ ৫.৫৫ জীবনকাল: ১২৮ | চাল মোটা | চট্টগ্রাম | ৩৫.১৮ | ৩২.৬৯ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৩৩.৪৯ | ৩০.৭৯ | |
| | | | | | | রংপুর | ৪৬.৭২ | ২১.৪৬ | |
| ২ | ভিএনআর হাইব্রিড ধান৪ (ভিএনআর - ১৮৫৬৫) ভারত | ভিএনআর সীডস বাংলাদেশ প্রা. লিমিটেড | ফলন: ৭.৩৫ জীবনকালঃ ১২৫ | ফলনঃ ৫.৫৫ জীবনকাল: ১২৮ | চাল চিকন | চট্টগ্রাম | ৩৫.২৩ | ৩২.২৬ | সারাদেশ |
| | | | | | | খুলনা | ৩৪.২৬ | ৩০.৪৬ | |
| | | | | | | রংপুর | ৪৩.৯৯ | ২৭.০১ | |
| | | | | | | দিনাজপুর | ২৬.৩৪ | ২২.০৪ | |
| ৩ | মিতালী এগ্রো হাইব্রিড ধান৭ বাংলাদেশ | মিতালী এগ্রো সীড ইন্ডাস্ট্রিজ | ফলনঃ ৭.৪৩ জীবনকালঃ ১২৮ | ফলনঃ ৫.৫৫ জীবনকাল: ১২৮ | চাল চিকন | চট্টগ্রাম | ৩৪.০২ | ৩৪.০১ | চট্টগ্রাম, খুলনা ও রংপুর |
| | | | | | | খুলনা | ৩৪.৪০ | ৩৩.৩৩ | |
| | | | | | | রংপুর | ৩৬.৪২ | ৪০.১০ | |

26/04/2025

২৬/৪/২৫

**জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১১৩তম সভায় কারিগরি কমিটির সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের উপস্থিতি:**

স্থান ঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা এর ১নং সম্মেলন কক্ষ ।
তারিখ ঃ ১০ এপ্রিল, ২০২৫ খ্রিঃ।
সময় ঃ ১০.০০ ঘটিকা।

| ক্র: নং | সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১) | ড. নাজমুন নাহার করিম | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | মোবাইল নম্বর: ০১৭১৩৬০২২০০<br>ই-মেইল: | [signature] |
| ২) | Md. Shahjahan Ali, Bangladesh Society of Seed Technology (BSST) | Senior Vice President BSST | মোবাইল নম্বর: 01730013391<br>ই-মেইল: alliedmsali @yahoo.com | [signature] 10/4/2025 |
| ৩) | Prof. Dr. Nasrin Akter Ivy GAU, Gazipur | Professor Gazipur Agril. University | মোবাইল নম্বর: 01552328109<br>ই-মেইল: ivy.bsmrau@yahoo.com | [signature] 10-4-25 |
| ৪) | Dr. Munshi Rashid Ahmad. | Director (Research) BARI, Gazipur. | মোবাইল নম্বর: 01552346903<br>ই-মেইল: mrahmad@bari.gov.bd | [signature] 10/04/2025 |
| ৫) | F. R. Malik | EC member BSA | মোবাইল নম্বর: 01750060333<br>ই-মেইল: mollikaseedbd@gmail.com | [signature] |
| ৬) | Dr. M. A. Salam MD (CIVPS) | BARC | মোবাইল নম্বর: 01552398504<br>ই-মেইল: ~~alam~~ maslam550 @yahoo.com. | [signature] 10.04.25 |
| ৭) | মোঃ কবীর হোসেন, ~~মহাব্যবস্থাপক (বীজ)~~ | মহাব্যবস্থাপক (বীজ) বিএডিসি, | মোবাইল নম্বর: 01712750188<br>ই-মেইল: gmseed@badc.gov.bd. | [signature] ১০/৪/২৫ |
| ৮) | ড. মোঃ আকতার হোসেন খান | প্রধান বীজতত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | মোবাইল নম্বর: ০১৮১৬৮২৫২৭৭<br>ই-মেইল: cst@moa.gov.bd | [signature] ১০/০৪ ২০২৫ |
| ৯) | ড. মো. মাহবুবুল বাজ্জাজ | পরিচালক (গবেষণা) BWMRI | মোবাইল নম্বর: 01716134733<br>ই-মেইল: mbazzaz72@yahoo.com | [signature] 10/4/25 |

| ক্র: নং | সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১০) | Kbd. Md. Zakirul Haq | AGM Mitali Agro Seed Industries | মোবাইল নম্বর: 01841145187<br>ই-মেইল: | [signature] |
| ১১) | Dr. Umme Shirajum Monira | Principal Seed Technologist, Supreme Seed Company Ltd. | মোবাইল নম্বর: 01841-145255<br>ই-মেইল: monira@supreme seed.net | [signature] |
| ১২) | Dr. K M Rezaul Karim PSO, BSRI | PSO BSRI | মোবাইল নম্বর: 01760167567<br>ই-মেইল: bsrirezaul9 @gmail.com | [signature] |
| ১৩) | Prof Dr. Mohammad Rashed Hossain | Head Dept of GPB, BAU | মোবাইল নম্বর: 01783 281505<br>ই-মেইল: [signature]<br>m.r.hossain@bau.edu.bd | [signature] |
| ১৪) | Md. Arefur Rahman | Manager (R&D) Eon Agro Industries Ltd | মোবাইল নম্বর: 01313-796799<br>ই-মেইল: arefur.Rahman@eongroup. Com.bd | [signature] |
| ১৫) | Mohammad Jabid Hasan | Chief Operating Officer | মোবাইল নম্বর: 01713164030<br>ই-মেইল: jabid.hasan@ eongroup.net.bd | [signature] |
| ১৬) | MOHAMMAD MIZANUR RAHMAN | Business Operation Manager, ACI | মোবাইল নম্বর: 01730024476<br>ই-মেইল: mizanur@aci-bd.com | [signature] 10/4/2025 |
| ১৭) | Md. Golam Mostofa | Sr. MDM MBPL | মোবাইল নম্বর: 01776899535<br>ই-মেইল: golam.mostofa@mahyco.com | [signature] 10/04/25 |
| ১৮) | Dr. Mohammad Habibullah. | Sr. Manager Stw. & Engagm Syngenta BD Ltd | মোবাইল নম্বর: 01714103176<br>ই-মেইল: mohammd.habibullah@syngenta.com | [signature] 10/04/2025 |
| ১৯) | Dr. Md. Golam Mostofa | CSO, Breeding Div. BJRI | মোবাইল নম্বর: 01715445685<br>ই-মেইল: mostofabjri@gmail.com | [signature] 10/04/2025 |
| ২০) | MAHBUB RAHMAN | Bangladesh Seed Association | মোবাইল নম্বর: 01714000024<br>ই-মেইল: mahbub.rahman@corteva.com | [signature] |

| ক্র: নং | সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২১) | Md. Rizvi Islam | Product Manager 3s Agro Services Limited | মোবাইল নম্বর: 01733237097<br>ই-মেইল: info@3sagroservices.net | [signature] |
| ২২) | Md. Tashfique Alam | Marketing Manager 3s Agro Services Limited | মোবাইল নম্বর: 01733237088<br>ই-মেইল: info@3sagroservices.net | [signature] ২০/০৮/২৫ |
| ২৩) | Md. Abdus Sabur Mia | DGM, Eon Agro Industries Ltd. | মোবাইল নম্বর: 01713-464035<br>ই-মেইল: abdus.sabur@eongroup.net.bd | [signature] 10/04/25 |
| ২৪) | Md. Mamun-ur-Rashid | Country Head, VNR Seeds Bangladesh Pvt. Ltd. | মোবাইল নম্বর: 01688 117970<br>ই-মেইল: mamun@vnrseeds.com | [signature] |
| ২৫) | Nasir Uddin Ahmed | Technology Dev. Manager. Achanta, KiccCo | মোবাইল নম্বর: 01712-678506<br>ই-মেইল: nasir.ahmed@advanta seeds.com | [signature] |
| ২৬) | Dr. Md. Anisur Rahman | Chief Scientific Officer Breeding Division BSRI | মোবাইল নম্বর: 01703488606<br>ই-মেইল: anisurbreedbsri@gmail.com | [signature] ২০/৮/২৫ |
| ২৭) | Dr. Mst. Sifate Rabbana Khanom | SSO, PBD, BINA | মোবাইল নম্বর: 01925730968<br>ই-মেইল: sifaterabbana04@gmail.com | [signature] 20/08/2025 |
| ২৮) | Dr. Mahmudul Hasan, PSO BINA | BINA, Mymensingh | মোবাইল নম্বর: 01701765379<br>ই-মেইল: mahmudag60@yahoo.com | [signature] 20/08/2025 |
| ২৯) | Dr. Shamsun Nahar Begum CSO, Plant Breeding | BINA, Mymensingh. | মোবাইল নম্বর: 01716228072l<br>ই-মেইল: sbluna98@yahoo.com | [signature] 20.4.25 |
| ৩০) | Dr. Md. Hossain Ali Director (Research) | BINA, Mym. | মোবাইল নম্বর: 01818-486534<br>ই-মেইল: hossain.ali.bina@gmail.com | [signature] ২০/৮/২৫ |
| ৩১) | Dr. Md. Azharul Islam Director Research | BINA | মোবাইল নম্বর: 01725395[illegible]<br>ই-মেইল: | [signature] |

| ক্র: নং | সদস্যবৃন্দ/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | মোবাইল নম্বর/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩২) | মো: মনিরুল ইসলাম | পরিচালক (অ: দা:) অতিরিক্ত পরিচালক ডাএস উইং, ডিএই খামারবাড়ি, ঢাকা | মোবাইল নম্বর: 01715611480 ই-মেইল: maniruldae@gmail.com | |
| ৩৩) | মোহাম্মদ এনায়েত কবির | অতিরিক্ত পরিচালক (পিএম, এসসিএ) ডিএই, খামারবাড়ি, ঢাকা | মোবাইল নম্বর: 01720691997 ই-মেইল: nabirdae@gmail.com | |
| ৩৪) | ড. মো. মনিরুল ইসলাম ডিডি (বীজ ও অন্যান্য উপকরণ) | ডিডি (বীজ ও অন্যান্য উপকরণ) ডিএই | মোবাইল নম্বর: 01712401035 ই-মেইল: mmi75@live.com | |
| ৩৫) | মোঃ আবু কবির, স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিঃ, ঢাকা | সিনি. প্রজেক্ট ম্যানেজার | মোবাইল নম্বর: 01760499383 ই-মেইল: kabir.PMD@squaregroup.com | |
| ৩৬) | রেবেকা পারভীন ADDCSR&QC SCA, গাজীপুর | ADDCSR&QC SCA, গাজীপুর | মোবাইল নম্বর: 01742413244 ই-মেইল: rebeka.poppy@gmail.com | |
| ৩৭) | আয়শা আক্তার | বহিরাংগন অফিসার সংযুক্ত: বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | মোবাইল নম্বর: [illegible] ই-মেইল: ayshsa.dae@gmail.com | |
| ৩৮) | পাপি রানী রায় | বহিরাংগন অফিসার সংযুক্ত: বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | মোবাইল নম্বর: 01780068262 ই-মেইল: popyroy31@gmail.com | |
| ৩৯) | হাফিজা খাতুন | নমুনা সংগ্রহ অফিসার, এসসিএ, গাজীপুর | মোবাইল নম্বর: 01721690968 ই-মেইল: hafizahappy@yahoo.com | |
| ৪০) | মোহাম্মদ শামছুর রহমান খান | উপপরিচালক (জাত পরীক্ষা) এসসিএ, গাজীপুর | মোবাইল নম্বর: 01552483045 ই-মেইল: srkhanmukul@gmail.com | |
| ৪১) | | | মোবাইল নম্বর: ই-মেইল: | |
| ৪২) | | | মোবাইল নম্বর: ই-মেইল: | |